

প্রখ্যাত মুসলিম ম্যাটার্স ম্যাগাজিনের হার্ট ম্যাটারস সংখ্যার অনুবাদ

# সম্পর্ক

ভালোবাসা, বিয়ে ও যৌনতা বিষয়ে
সুন্নাহ নির্ধারিত সতর্কতা ও সীমা

অনুবাদ : মিজান রহমান



## বই থেকে

ঘূর্ণিঝড়ের সময় বালুর নিচে মুখ গুঁজলেই তাণ্ডব থেমে যায় না। বিশ্বব্যাপী যৌনজীবন নিয়ে এক ভয়াবহ দুরাচার চলছে। মুসলিম পরিবারেও তার ঢেউ এসে লেগেছে। স্বীকার করি অথবা না করি, আমরা এক কঠিন সময়ের মুখোমুখি। নীরবতা কোনো সমাধান নয়। সংকটের গভীরে প্রবেশ করতে হবে। এই গ্রন্থে আমরা যৌনজীবন নিয়ে কিছু দরকারি আলাপের মুখোমুখি হব।

# সম্পর্ক

(ভালোবাসা, বিয়ে ও যৌনতা বিষয়ে সুন্নাহ
নির্ধারিত সতর্কতা ও সীমা)

মূল : মুসলিম ম্যাটার্স

অনুবাদ : মিজান রহমান

গার্ডিয়ান
পাবলিকেশনস

## সূচিপত্র

সম্পাদকের চিঠি ........ ১১
হিনা জুবেরি

ভালোবাসার সুন্নাহ ........ ১৩
শায়খ ইয়াহইয়া আদিল ইবরাহিম

বিয়ে : দশ বছরে দশ অনুভূতি ........ ২০
হিবা মাসুদ

রক্তমাখা বিছানা চাদর ........ ২৯
জয়নব বিনতে ইউসুফ

যৌন আকর্ষণহীন মুসলিম বিয়ে ........ ৩৩
উম্মে আইয়ুব

জাবির (রা.) -এর হাদিসে যৌনতা বিষয়ে প্রজ্ঞা ........ ৩৮
ড. ইয়াসির ক্বাদি

যৌন আকাঙ্ক্ষা ........ ৪৬
উস্তাদ নোমান আলী খান

হস্তমৈথুন থেকে মুক্তি ........ ৫৩
হালেহ বানানি

মুসলিম জনগোষ্ঠীতে যৌন আসক্তি ........ ৫৭
আবিদা আহমেদ

একজন সমকামী মুসলিমের কথা ........ ৬১
ব্রাদার ইউসুফ

মুসলিম জনগোষ্ঠীতে পরকীয়া ও অপবাদ ........ ৭৬
শাইখ ওমর সুলেইমান

গোপন বিয়ে ........................................ ৮১
মুহাম্মদ আকরাম নদভি

দ্বিতীয় সম্পর্কের টান ........................................ ৮৬
উম্মে আয়িশা

সন্তানের যৌন সমস্যায় পিতা-মাতার ভূমিকা ........................................ ৯৪
ড. আহমেদ আদম

নারীর যৌনতৃপ্তি : ইসলামের দৃষ্টিভঙ্গি ........................................ ১০৪
উস্তাদ মুখতার বে

পারিবারিক সম্মতির বিয়ে ........................................ ১১৩
নেওয়াজ আহমেদ

# সম্পাদকের চিঠি

হিনা জুবেরি

প্রিয় পাঠক,

মুসলিম ম্যাটার্সে প্রকাশিত আমাদের হৃদয়, মন আর অনুভূতি ছুঁয়ে যাওয়া নিবন্ধ সংকলনের প্রথম প্রকাশনা আপনাদের সামনে উপস্থাপন করতে পেরে আমি আনন্দিত। আমরা এইটুকু প্রত্যাশা করি, আমাদের ফোরাম মুসলিম জীবনের প্রতিটি দিক ছুঁয়ে যাবে।

এই সংকলনটিতে আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ভালোবাসার ধরন থেকে কিছু জটিল বিষয় যেমন : সমকামিতা, যৌন আকর্ষণহীন বিয়ে এবং গোপন বিয়ের বিষয়েও আলোচনা সংযুক্ত করেছি। এগুলো আমাদের পড়া উচিত এবং এসব বিষয়ে আরও বেশি আলোচনা হওয়া উচিত। আমরা আশা করব, এই বইটি কিছু আলোচনার সূত্রপাত করবে এবং আমাদের মধ্যে বিদ্যমান কিছু ভুল ধারণা শুধরে দেবে।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদের মা আয়িশা (রা.)-কে ভালোবেসেছেন এমন বন্ধনযুক্ত গ্রন্থির মতো, যে গ্রন্থিতে টান পড়লে সেই বন্ধন আরও শক্ত হয়ে যায়। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ভালোবাসা আমাদের কঠিন সময়ে ভালোবাসার নিয়ম শেখায় এবং আমাদের দেখায়, কীভাবে কঠিন সময়ে একে অপরের সঙ্গে সুদৃঢ় বন্ধনে আবদ্ধ থাকতে হয়। মুসলিম জনগোষ্ঠীর সামনে এখন সাফল্যের চেয়ে যে বহুমুখী চ্যালেঞ্জ; বিশ্বাস করুন, muslimmatters.org-এর সেসব জানতে আগ্রহী।

২০০৭ সাল থেকে আমরা মুসলিম জনগোষ্ঠীর বহু গুরুত্বপূর্ণ বিষয়ের আলোচনা প্রকাশ করতে পেরে সম্মানিত বোধ করছি। মুসলিম জনগোষ্ঠীর জন্য এসবের সবকিছুই ভালোবাসার বিষয় ছিল না। ছিল ঘৃণার বিষয়ও। ছিল মুসলিমবিদ্বেষীদের গোঁড়ামি। ছিল সরকারি নীতি, রাজনৈতিক অন্তর্ভুক্তি এবং ধর্মীয় অধিকার বিষয়ে দ্বিধাযুক্ত ভারসাম্য।

আবার কখনো কখনো পুরোনো প্রজন্মের সঙ্গে নতুন প্রজন্মের কিংবা তৃতীয় পক্ষের বিশ্বাসগত দ্বন্দ্বের বিষয়ও সামনে এনেছি। মুসলিম ম্যাটার্স একটি অলাভজনক প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি নিবিষ্ট আছে মুসলিম বিশ্বের চিন্তাবিদ, শিল্পী, লেখক ও সংগঠকদের কণ্ঠস্বর প্রকাশে।

এই রকম সুযোগের জন্য আমরা আল্লাহর শুকরিয়া জানাই। এই কাজ যেন চালিয়ে যেতে পারি, সেজন্য তাঁর সাহায্য চাই। আমরা সেসব লেখক ও চিন্তাবিদকে ধন্যবাদ জানাই, যারা আমাদেরকে তাদের লেখা পুনরায় মুদ্রণের অনুমতি দিয়েছেন।

এবং আপনার জন্য দুআ—প্রিয় পাঠক, আল্লাহ আপনাকে উত্তম প্রতিদানে পুরস্কৃত করুক। এই বই ক্রয়ে আপনার অবদান muslimmatters.org-এর জন্য একটি জরুরি বিষয়। আপনার সহযোগিতা আমাদের ওয়েবসাইটের স্বনামধন্য ও প্রখ্যাত লেখকগণের লেখা প্রতি বছর বিশ্বের লাখো মুসলিমের কাছে বিনামূল্যে পৌছাতে সহযোগিতা করে। বিভিন্ন আর্থিক সহযোগীর সহযোগিতা ছাড়াও আপনার সহযোগিতা আমাদের ইসলামের বিভিন্ন বিষয়ে আলোচনা প্রকাশের স্বাধীনতা দেয়।

জাজাকাল্লাহু খাইরান
হিনা জুবেরি
প্রধান সম্পাদক
muslimmatters.org

# ভালোবাসার সুন্নাহ

শাইখ ইয়াহইয়া আদিল ইবরাহিম

আমি প্রায়ই বিবাহিত যুগলদের থেকে কিছু ইমেইল পাই। তারা ভেঙে যাওয়া বিশ্বাস এবং অসৌহার্দপূর্ণ সম্পর্ক পুনরুদ্ধারের চেষ্টা করে যাচ্ছেন। মেইল পাওয়ার কয়েক সপ্তাহের মধ্যে উত্তর দেওয়ার চেষ্টা করি। উত্তর দেওয়ার সময় বলে দিই—ভার্চুয়াল দূরত্বের মধ্যে কোনো সমস্যা সমাধানের পরামর্শ দিতে আমি সাধারণত আগ্রহ বোধ করি না। কারণ, এটা অনেকটা একপাক্ষিক ব্যাপার হয়ে যায়, মুদ্রার উলটো পিঠ দেখা যায় না। চারদিকে আনুগত্যহীনতা, সহিংসতা এবং ঔদ্ধত্যের লোমহর্ষক সব গল্প। কী প্রাচ্য কী পাশ্চাত্য—সর্বত্রই এখন মুসলিম জনগোষ্ঠী পারিবারিক সম্পর্কের ক্ষেত্রে বহুমুখী চাপের সম্মুখীন। এমন প্রাকৃতিক বিপর্যয় আর কোনো ক্ষেত্রে নেই।

পরিসংখ্যানের তথ্য খুবই ভয়াবহ। ইমামগণের কাউন্সেলিং পদ্ধতিতে রয়েছে যথেষ্ট প্রশিক্ষণের ঘাটতি। মসজিদগুলোকে রাখা হয়েছে চাপের মুখে। ইসলামি ঘরানার বিবাহবিষয়ক কাউন্সেলরগণ এখনও ব্যাপক পরিচিতি পাননি। হাতে গোনা যারা পরিচিতি পেয়েছেন, তাদের পেশাদারত্বেও রয়েছে যথেষ্ট আত্মবিশ্বাসহীনতা।

বিবাহবিষয়ক পারিবারিক সমস্যাগুলোর ক্ষেত্রে আমি যা দেখেছি, মনে হয়েছে—দীর্ঘদিন ধরে ভালোবাসার সুন্নাহ এবং নারীর প্রতি পুরুষের মমত্ববোধ হয় উপেক্ষিত থেকে গেছে, নয়তো লোপ পেয়েছে। যেখানে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এবং তাঁর মহান সাহাবিগণের জীবন সম্পূর্ণ ভালোবাসার দৃষ্টান্ত দিয়ে ভরা, সেখানে আমরা কেবল মুখে মুখেই সত্যিকারের ভালোবাসার কথা বলে গেছি। কিন্তু মহান ব্যক্তিদের জীবনে পারস্পরিক ইচ্ছাকে মূল্যায়ন করার অসাধারণ দৃষ্টান্ত, তাঁদের বীরত্ব, আনুগত্যের দৃষ্টান্ত, ত্যাগ সর্বোপরি ভালোবাসার ক্ষেত্রে রাসূলুল্লাহর সুন্নাহকে আমরা উপেক্ষা করে গেছি।